গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত ফলোআপ সভার কার্যবিবরণী।

১.০ সভার তারিখ ও সময় : ৫ আগস্ট ২০২১ , সকাল : ১১.০০ ঘটিকা।
১.১ সভার স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (বি-ব্লক)।
১.২ সভাপতি : জনাব মুহাম্মদ ইয়ামিন চৌধুরী,সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১.৩ আলোচ্য বিষয় : (ক) "জাতীয় শোক দিবস" পালনের সার্বিক প্রস্তুতির ফলো-আপ।
(খ) বিবিধ।
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) ২৬-০৭-২০২১ তারিখে অনুষ্ঠিত জাতীয় শোক দিবস পালনের সার্বিক প্রস্তুতি সভার সিদ্ধান্ত অনুসারে গঠিত উপকমিটির গঠন ও কার্যপরিধি তুলে ধরেন। এর পরিপ্রেক্ষিতে উপকমিটির আহ্বায়কগণ তাদের অগ্রগতি সভাকে অবগত করেন, যা নিম্নরুপ:

| ক্রম: | কমিটি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২.১ | অনুষ্ঠান উপকমিটি | ক. এ বিষয়ে অনুষ্ঠান উপকমিটির আহ্বায়ক জানান যে, কমিটি গত ৩১-০৭-২০২১ তারিখে প্রথম সভা এবং ০৪-০৮-২০২১ তারিখ সকল উপকমিটিকে নিয়ে ২য় সভা করে। যেহেতু মাননীয় পরিকল্পনা মন্ত্রী ও মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী ১৬-০৮-২০২১ তারিখ আলোচনা সভায় অংশগ্রহণের সম্মতি জ্ঞাপন করেছেন সেহেতু ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের দিন ২টি ফুলের তোড়া প্রস্তুত রাখা হবে। এছাড়া সকাল ৯.৪৫ মিনিটে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পক্ষে সচিব মহোদয় এবং বিবিএস এর পক্ষে ডিজি মহোদয় পুষ্পস্তবক অর্পণ করবেন। এর পরে প্রটোকল মেনে অন্যান্য সংগঠনগুলো পুষ্পস্তবক অর্পণ করবেন। আমন্ত্রিত অতিথিগণকে অনুষ্ঠান শুরুর ৩০ মিনিট পূর্বে উপস্থিত থাকতে হবে। যথাযথ স্বাস্থ্য বিধি মেনে অনুষ্ঠান আয়োজন করতে হবে। | ক. ১৫ আগস্ট সকাল ৯.৪৫ ঘটিকায় পুষ্পস্তবক অর্পণ করতে হবে।<br><br>খ. আমন্ত্রিত অতিথিগণ অনুষ্ঠান শুরুর ৩০ মিনিট পূর্বে ভবনে উপস্থিত থাকতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠার পর:

| | | | |
|---|---|---|---|
| | | | গ. পুষ্পস্তবক অর্পণকালে অনধিক ১০ জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন।<br>ঘ. সংশ্লিষ্ট যে সকল কর্মকর্তা/ কর্মচারীরা ২টি টিকা গ্রহণ করেন নি তাঁরা পরিসংখ্যান ভবনে আসবেন তবে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন না। |
| ২.২ | আলোচনা, দোয়া ও আপ্যায়ন সংক্রান্ত উপকমিটি | ক. আলোচনা, দোয়া ও আপ্যায়ন সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক সভাকে জানান যে, উক্ত কমিটি ২৯ জুলাই ও ৪ আগস্ট ২টি সভা করে। কমিটির আহ্বায়ক জানান যে, তিনি মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তরে যোগাযোগ করেছেন। মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী ১৬ আগস্ট তারিখে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় অংশগ্রহণের জন্য সম্মতি জ্ঞাপন করেছেন। যা সকলকে অবগত করা হয়েছে। আমন্ত্রণ পত্রের কপি প্রস্তুতপূর্বক মহাপরিচালক মহোদয়কে দেয়া হয়েছে। | ক. জাতীয় শোক দিবসের আলোচনা সভা ১৬ আগস্ট সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।<br>খ. আলোচনা সভায় সর্বাধিক ১২০ জন কর্মকর্তাকে আমন্ত্রণ জানানো হবে।<br>গ. আপ্যায়নের বিষয়টি মহাপরিচালক, বিবিএস এর সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট কমিটি ব্যবস্থা নিবেন। |
| ২.৩ | সাজসজ্জা উপকমিটি | উপকমিটির আহ্বায়ক সভাকে অবগত করেন যে, এ কমিটির কাজ মূলত ১ আগস্ট থেকে শুরু হয়েছে। ৩১ জুলাই রাতের মধ্যে পরিসংখ্যান ভবনের সম্মুখ ভাগের ২ পার্শ্বে ২টি এবং ব্লক-১ এর পশ্চিম পার্শ্বে ২টি ড্রপ ডাউন ব্যানার ঝুলানো হয়েছে। এছাড়া ভবনের প্রবেশ পথেও জাতীয় শোক দিবসের ব্যানার ঝুলানো হয়েছে। এছাড়া আনুষঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণ করছেন যা সভাকে অবহিত করেন। | যথাযথ মর্যাদায় আয়োজনের ব্যবস্থা নিতে হবে। |
| ২.৪ | অর্থ উপকমিটি | অর্থ কমিটির সভাপতি সভাকে জানান যে, উপকমিটির কাছ হতে চাহিদা পত্র পাওয়ার পর অর্থের পরিমাণ নির্ণয় করা হবে। সভায় সকল উপকমিটির কাছ হতে অর্থের চাহিদা পত্র চাওয়া হয়। প্রত্যেক উপ-কমিটি অর্থ ব্যয়ের পর এর ভাউচার (আহ্বায়ক কর্তৃক স্বাক্ষরিত) জমা দিতে হবে। | ক. পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো অর্থ উপকমিটির কাছে তাদের অর্থের চাহিদাপত্র দাখিল করবেন।<br>খ. চাহিত অর্থ ব্যয়ের পর প্রত্যেক উপ-কমিটি ভাউচার (আহ্বায়কের স্বাক্ষর সহ) অগ্রায়ন পত্রের মাধ্যমে অর্থ কমিটির সভাপতির কাছে জমা দেবেন। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পুর্ব পৃষ্ঠার পর:

| | | | |
|---|---|---|---|
| ২.৫ | পরিষ্কার পরিচ্ছন্ন | ১৫ আগস্টের পূর্বে পরিসংখ্যান ভবনের সকল ফ্লোর (মাননীয় মন্ত্রীর কক্ষ ও এন্ট্রিরুমসহ) ও ভবনের চারদিকে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশ দেন। | ১৫ আগস্টের পূর্বে পরিসংখ্যান ভবনের সকল ফ্লোর (মাননীয় মন্ত্রীর কক্ষ ও এন্ট্রিরুমসহ) ও ভবনের চারদিকে পরিষ্কার পরিচ্ছন্নতার প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। |

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে জাতীয় শোক দিবসের সকল কর্মসূচির সাফল্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব

নং: -৫২.০০.০০০০.০০৬.২৩.৬৯৪.১৮-৫৪

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮ / ১১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৫। ড.দিপংকর রায়, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৬। জনাব মো.দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। বেগম মোসা.কামরুন্নাহার, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। জনাব শেখ মুর্শিদুল ইসলাম, উপসচিব,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০। জনাব মোহাম্মদ আব্দুল কাদির মিয়া, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১১। জনাব মো.মাসুদ আলম, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১২। জনাব মো.এমদাদুল হক, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৩। জনাব এ কে এম আশরাফুল হক, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৪। জনাব মো.ফরিদ হোসেন,সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৫। জনাব মো.সাইদুর রহমান, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৬। জনাব মো.আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৭। জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১৮। জনাব কালাচাঁদ সরকার, সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৯। জনাব মো.আনোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২০। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

পূর্ব পৃষ্ঠার পর:

২১। জনাব মহিউদ্দিন আহমেদ,এম.পি.এইচ, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

২২। জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

২৩। জনাব মোহাম্মদ সেলিম সরকার, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।

২৪। জনাব মু.ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েব সাইট প্রকাশ ও মেইলে প্রেরণের অনুরোধসহ)।

২৫। বেগম আকলিমা খাতুন, উপপরিচালক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

২৬। জনাব সৌমিত্র কুমার পাল, সহকারী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

২৭। জনাব মো.আব্দুল করিম, সিনিয়র নক্সাবিদ ও সভাপতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মচারী পরিষদ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। উপসচিব, সাধারণ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

৩। প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (৫০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।

৪। অফিস কপি/গার্ড নথি।


মো.ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
☎-৫৫০০৭৩৮৩
admin2@sid.gov.bd